

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৩. ১. ২. হারোণকে মহা-যাজক বানানোর প্রতিবাদ করায় হত্যা

শুমারী/ গণনাপুস্তকের ১৬ এবং ১৭ অধ্যায়দ্বয়ের শ্লোকসংখ্যা ও বিন্যাসে ক্যাথলিক ও প্রটেস্ট্যান্ট বাইবেলের মধ্যে পার্থক্য রয়েছে। পাঠক বাংলায় জুবিলী বাইবেলের সাথে পবিত্র বাইবেল বা কিতাবুল মোকাদ্দস মিলিয়ে পড়লে পার্থক্য ধরতে পারবেন। এ দুটো অধ্যায় পাঠ করলে পাঠক দেখবেন যে, কোরহ বা কারুন (Korah) মোশি ও হারোণের মতই লেবীয় বংশের মানুষ ছিলেন। মোশি তাঁর ভাই হারোণকে মহা-যাজক পদে নিয়োগ দিলে কোরহের নেতৃত্বে আড়াই শত মানুষ আপত্তি প্রকাশ করেন। তারা বলেন, বনি-ইসরাইলের সকলেই তো ঈশ্বরের পবিত্র বান্দা ও সকলেই ঈশ্বরের সমান প্রিয়। তাহলে আপনারা তাদের উপর সর্বময় কর্তৃত্ব গ্রহণ করছেন কেন? এতে ঈশ্বর ক্রোধান্বিত হয়ে কারুন (Korah), দাথন (Dathan) ও অবিরাম (Abriam)-কে তাদের স্ত্রী-সন্তান ও লোকজনসহ মাটির নিচে প্রোথিত করে হত্যা করেন। এরপর কোরাহ-পন্থি আড়াইশত নেতাকে আগুনে পুড়িয়ে হত্যা করেন। (গণনা/শুমারী: কিতাবুল মোকাদ্দস ও প্রটেস্ট্যান্ট বাইবেল ১৬/১-৪০ এবং জুবিলী বাইবেল ১৬/১-৩৫ ও ১৭/১-৫)।

এতগুলো মানুষের করুণ মৃত্যুতে ব্যথিত ও বিক্ষুব্ধ বনি ইসরাইলের মানুষেরা মূসা ও হারুনের বিরুদ্ধে তাদের ক্ষোভ প্রকাশ করে বলেন, তোমাদের কারণেই এতগুলো মানুষ মারা গেল। এ অভিযোগে ক্রুদ্ধ হয়ে ঈশ্বর এবার আরো চৌদ্দ হাজার সাত শত (১৪,৭০০) ইসরাইলীয়কে হত্যা করেন! (কিতাবুল মোকাদ্দস, শুমারী ১৬/৪১-৫০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14525

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন